"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

# পরিক্রমা

জানুয়ারি-মার্চ,২০২২




অর্থনীতির অগ্রযাত্রায় স্থিতিশীলতা ও শৃঙ্খলা নিশ্চিতকরণে

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

# পরিক্রমা

জানুয়ারি-মার্চ ২০২২




## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

**সিকিউরিটিজ কমিশন ভবন**
ই-৬/সি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ
Website: www.secbd.org, www.sec.gov.bd, www.এসইসিবিডি.বাংলা
E-mail: info@sec.gov.bd

## সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন | ০৫ |
| ২ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ | ০৬ |
| ৩ | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব | ০৭ |
| ৪ | পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম | ০৮ |
| ৪.১ | "4th Industrial Revolution and what to do to meet its challenges (Block Chain technology perspecttive)" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা | ০৮ |
| ৪.২ | ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক কর্মশালা | ০৯ |
| ৪.৩ | "Monthly e-Statement Service for BO Account Holders" -এর উদ্বোধনী অনুষ্ঠান | ১০ |
| ৪.৪ | APA শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা | ১০ |
| ৪.৫ | ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা | ১১ |
| ৪.৬ | "১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২" উদ্‌যাপন | ১২ |
| ৪.৭ | "তথ্য অধিকার আইন ও বিধি-বিধান" বিষয়ক শীর্ষক সেমিনার | ১৩ |
| ৪.৮ | Public Hearing on "Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer for Small Capital Companies) Rules, 2022" শীর্ষক ৭ম প্রাতিষ্ঠানিক গণশুনানি অনুষ্ঠান | ১৪ |
| ৪.৯ | AGM, EGM and e-Voting বিষয়ক প্রশিক্ষণ | ১৫ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৫ | ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স | ১৬ |
| ৬ | ক্যাপিটাল ইস্যু | ১৭ |
| ৭ | নিবন্ধন | ২০ |
| ৮ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স | ২২ |
| ৯ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ | ২৪ |
| ১০ | এনফোর্সমেন্ট | ২৮ |
| ১১ | সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব মার্কেট অ্যান্ড ইস্যুয়ার কোম্পানিজ | ২৯ |
| ১২ | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি | ৩৩ |
| ১৩ | কর্পোরেট ফাইন্যান্স | ৪১ |
| ১৪ | লিগ্যাল সার্ভিস | ৪৩ |
| ১৫ | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম | ৪৪ |
| ১৬ | সেন্ট্রাল ডিপজিটরি সার্ভিসেস | ৪৭ |
| ১৭ | গবেষণা ও উন্নয়ন | ৪৮ |

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | দ্বিতীয় অংশ | |
| ১৮ | আন্তর্জাতিক সম্পর্ক | ৪৯ |
| ১৯ | ফাইন্যান্সিয়াল লিটারেসি | ৪৯ |
| ২০ | স্টক এক্সচেঞ্জ অপারেশনাল স্ট্যাটিস্টিকস | ৫০ |
| ২১ | প্রেস রিলিজ | ৫১ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ -এর মাধ্যমে পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থা হিসাবে ৮ জুন ১৯৯৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠিত হয়, যার মূল লক্ষ্য হলো সিকিউরিটিজে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ, সিকিউরিটিজ মার্কেটের উন্নয়ন এবং এতদ্সংক্রান্ত বিষয়াবলি বা তদধীনে আনুষঙ্গিক বিধান প্রণয়ন। কমিশন একজন চেয়ারম্যান ও চারজন কমিশনার নিয়ে গঠিত এবং চেয়ারম্যান কমিশনের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করেন। বাজার নিয়ন্ত্রণের প্রয়োজনীয় বিধি প্রণয়ন এবং সে মোতাবেক বাজার তদারকি করা কমিশনের সার্বিক দায়িত্ব। কমিশন একটি সংবিধিবদ্ধ সংস্থা এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে সংযুক্ত।

বর্তমানে কমিশনের চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন ড. শেখ শামসুদ্দিন আহমদ, ড. মিজানুর রহমান ও জনাব মোঃ আবদুল হালিম।

# প্রথম অংশ

## ১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন



**অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম**
চেয়ারম্যান



**ড. শেখ শামসুদ্দিন আহমদ**
কমিশনার



**ড. মিজানুর রহমান**
কমিশনার



**জনাব মোঃ আবদুল হালিম**
কমিশনার

## ২. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বিভাগীয় প্রধানগণ

| ক্রমিক নং | নাম | দায়িত্বপ্রাপ্ত বিভাগীয় প্রধান |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ড. এটিএম তারিকুজ্জামান | বর্তমানে লিয়েনে নিউজিল্যান্ডে অবস্থান করছেন |
| ২ | জনাব মোঃ আনোয়ারুল ইসলাম | এসআরআই এবং সিডিএস |
| ৩ | জনাব মোঃ সাইফুর রহমান | এসআরএমআইসি, এমএসআই এবং প্রকল্প পরিচালক |
| ৪ | জনাব মোঃ আশরাফুল ইসলাম | আর অ্যান্ড ডি |
| ৫ | জনাব এম হাছান মাহমুদ | নিবন্ধন এবং অভ্যন্তরীণ নিরীক্ষা |
| ৬ | জনাব মোঃ মাহবুবুল আলম | প্রশাসন ও অর্থ এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ৭ | জনাব মোঃ মাহবুবের রহমান চৌধুরী | লিগ্যাল সার্ভিস |
| ৮ | জনাব কামরুল আনাম খান | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি এবং অফিস অব দি চিফ একাউন্ট্যান্ট |
| ৯ | জনাব মোহাম্মদ রেজাউল করিম | ক্যাপিটাল ইস্যু এবং কমিশনের মুখপাত্র |
| ১০ | জনাব মোহাম্মদ শফিউল আজম | এমআইএস এবং ফাইন্যান্সিয়াল লিটারেসি |
| ১১ | জনাব রিপন কুমার দেবনাথ | কর্পোরেট ফাইন্যান্স এবং সিএমআরআরসি |
| ১২ | জনাব মীর মোশাররফ হোসেন চৌধুরী | এনফোর্সমেন্ট, এএমএলসিএফটি উইং |

## ৩. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালকগণ ও কমিশন সচিব

| ক্রমিক নং | নাম | বিভাগের নাম |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | এনফোর্সমেন্ট |
| ২ | জনাব মোঃ মাহমুদুল হক | মিউচ্যুয়াল ফান্ড অ্যান্ড এসপিভি |
| ৩ | জনাব প্রদীপ কুমার বসাক | নিবন্ধন |
| ৪ | জনাব রাজিব আহমেদ | মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স |
| ৫ | জনাব মোঃ আবুল কালাম | সিএমআরআরসি, এএমএলসিএফটি উইং |
| ৬ | জনাব মোঃ মনসুর রহমান | এসআরআই এবং সিডিএস |
| ৭ | জনাব মোহাম্মদ আবুল হাসান | এসআরএমআইসি |
| ৮ | জনাব শেখ মাহবুব উর রহমান | এমআইএস এবং অর্থ |
| ৯ | মিসেস ফারহানা ফারুকী | প্রশাসন এবং আন্তর্জাতিক সম্পর্ক |
| ১০ | জনাব আবু রায়হান মোহাম্মদ মুতাসীম বিল্লাহ | ফাইন্যান্সিয়াল লিটারেসি এবং কমিশন সচিবালয় |
| ১১ | জনাব মোহম্মদ ফখরুল ইসলাম মজুমদার | ক্যাপিটাল ইস্যু |
| ১২ | জনাব এ.এস.এম মাহমুদুল হাসান | লিগ্যাল সার্ভিস |

# ৪. পুঁজিবাজার সংশ্লিষ্ট বিশেষ কার্যক্রম

## ৪.১ "4th Industrial Revolution and what to do to meet its challenges (Block Chain technology perspecttive)" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ৬ জানুয়ারি ২০২২ তারিখে হবিগঞ্জের বাহুবলে দি প্যালেস লাক্সারী রিসোর্টে কমিশনের ইনোভেশন কমিটির উদ্যোগে "4th Industrial Revolution and what to do to meet its challenges (Block chain technology perspective.)" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ব্লক চেইন প্রযুক্তিসহ অন্যান্য প্রযুক্তি যেমন-আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স, আইওটি, থ্রিডি প্রিন্ট, ফিনটেক ইত্যাদি কীভাবে বিভিন্ন শিল্প ও পুঁজিবাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে এবিষয়ে আলোচনা করেন বাংলাদেশ ব্লক চেইন অলিম্পিয়াড ২০২১ -এর প্রেসিডেন্ট ও টেকনোহেভেন কোং লিমিটেডের চেয়ারম্যান জনাব হাবিবুল্লাহ এন করিম। প্রশিক্ষণ কর্মশালায় কমিশনের সকল গ্রেডের কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন।




প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বিএসইসি'র চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম।




৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ব্লক চেইন প্রযুক্তিসহ অন্যান্য প্রযুক্তি কীভাবে বিভিন্ন শিল্প ও পুঁজিবাজার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে সে বিষয়ে বক্তব্য রাখছেন জনাব হাবিবুল্লাহ এন করিম।

## ৪.২ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক কর্মশালা

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে ৮ জানুয়ারি ২০২২ তারিখে হবিগঞ্জের বাহুবলে দি প্যালেস লাক্সারী রিসোর্টে কমিশনের ইনোভেশন কমিটির উদ্যোগে "e-Governance and Innovation Plan Implementation" বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম। কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন বিষয়ে আলোচনা করেন বাংলাদেশ ব্লক চেইন অলিম্পিয়াড ২০২১ -এর প্রেসিডেন্ট ও টেকনোহেভেন কোং লিমিটেডের চেয়ারম্যান জনাব হাবিবুল্লাহ এন করিম। প্রশিক্ষণ কর্মশালায় কমিশনের সকল গ্রেডের কর্মচারী প্রশিক্ষণ গ্রহণ করেন।



## ৪.৩ "Monthly e-Statement Service for BO Account Holders" -এর উদ্বোধনী অনুষ্ঠান

৩০ জানুয়ারি ২০২২ বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের মাল্টিপারপাস হলে সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল) "Monthly e-Statement Service for BO Account Holders" -এর উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের কমিশনার ড. শেখ শামসুদ্দিন আহমদ ও জনাব মোঃ আবদুল হালিম।

অনুষ্ঠানে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান বলেন, আমরা বিনিয়োগকারীদের অর্থের সুরক্ষা দেয়ার জন্য কাজ করছি। সিডিবিএল -এর মাসিক স্টেটমেন্ট প্রদানের সেবাটি গ্রহণের জন্য বিনিয়োগকারীদের ই-মেইল সঠিক হতে হবে, এছাড়া এসএমএস পেতে হলে মোবাইল নম্বরটিও সঠিক হওয়া জরুরি। আমরা কোন ধরনের প্রতারণা ও জালিয়াতির সুযোগ দিতে চাই না। সিডিবিএল কর্তৃপক্ষকে উদ্দেশ্য করে তিনি বলেন, আপনারা নিয়মিত বিনিয়োগকারীদেরকে স্টেটমেন্ট পাঠাবেন, যেন কোন ব্রোকারেজ প্রতারণার আশ্রয় নিলে সাথে সাথে ধরা পড়ে যায়। অনেক সময় কর্মকর্তা-কর্মচারীরাও অনিয়মে জড়িয়ে পড়ে। নতুন এই সেবা এই ধরনের ঘটনা প্রতিরোধে সহায়তা করবে।

উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নিবার্হী পরিচালক জনাব মোঃ আনোয়ারুল ইসলাম এবং সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শুভ্র কান্তি চৌধুরী, এফসিএ। এছাড়াও অনুষ্ঠানে বিএসইসি, সিডিবিএল, সিসিবিএল ও স্টক এক্সচেঞ্জের কর্মকর্তাবৃন্দ, ডিপজিটরি পার্টিসিপেন্ট এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সিডিবিএল -এর ভ্যালু এ্যাডেড সার্ভিসসমূহ বিস্তারিতভাবে উপস্থাপন করেন সিডিবিএল -এর ভ্যালু এ্যাডেড সার্ভিসের জেনারেল ম্যানেজার জনাব রাকিবুল ইসলাম চৌধুরী।

## ৪.৪ APA শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ অনুযায়ী ১৫ ফেব্রুয়ারি ২০২২ এবং ১৬ মার্চ ২০২২ কমিশনের মাল্টিপারপাস হলে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত দুইটি পৃথক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে এপিএ কমিটি। এপিএ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসাবে বক্তব্য উপস্থাপন করেন জনাব মোঃ আবদুল হালিম, কমিশনার ও এপিএ টিম লিডার, বিএসইসি। এপিএ শীর্ষক ২টি প্রশিক্ষণ কর্মশালায় কমিশনের সহকারী পরিচালক/সমমান ও তদূর্ধ্ব গ্রেডের কর্মচারীদেরকে এপিএ সম্পর্কে অধিকতর ধারণা ও বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত দুইটি প্রশিক্ষণ কর্মশালায় ৫০ (পঞ্চাশ) জন করে মোট ১০০ (একশত) জন কর্মচারী অংশগ্রহণ করেন।

## ৪.৫ ই-গভর্ন্যান্স ও ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ কর্মশালা

ক) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ইনোভেশন টিম ২৮ ফেব্রুয়ারি ২০২২ কমিশনের মাল্টিপারপাস হলে ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় শীর্ষক একটি সভা/কর্মশালার আয়োজন করে। উক্ত কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. উপমা কবীর। উক্ত কর্মশালায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সম্মানিত কমিশনার জনাব মোঃ আবদুল হালিম। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, বিএসইসি। কর্মশালায় কমিশনের বিভিন্ন গ্রেডের ৫৩ (তিপ্পান্ন) জন কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়।




কর্মশালায় বক্তব্য রাখছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. উপমা কবীর।

খ) বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ইনোভেশন টিম কর্তৃক ১৫ মার্চ ২০২২ কমিশন ভবনের মাল্টিপারপাস হলে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্গানাইজেশনাল স্ট্র্যাটেজি ও লিডারশিপ বিভাগের সহযোগী অধ্যাপক জনাব মোঃ রাশেদুর রহমান। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আবদুল হালিম, কমিশনার, বিএসইসি। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ আশরাফুল ইসলাম, নির্বাহী পরিচালক ও চিফ ইনোভেশন অফিসার, বিএসইসি। কর্মশালায় কমিশনের বিভিন্ন গ্রেডের ৫৩ (তিপ্পান্ন) জন কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করা হয়।




প্রশিক্ষণ কর্মশালায় বক্তব্য রাখছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক জনাব মোঃ রাশেদুর রহমান।

## ৪.৬ "১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২" উদ্‌যাপন

"১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস, ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উদ্‌যাপন" উপলক্ষে ০৬ মার্চ ২০২২ সকাল ১১:০০ টায় Zoom প্ল্যাটফর্মের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

উক্ত কর্মপরিকল্পনা মোতাবেক ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে ১৬ মার্চ ২০২২ রোজ বুধবার বিকাল ৪:০০ ঘটিকায় কমিশনের মাল্টিপারপাস হল রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে কমিশনের সকল গ্রেডের কর্মচারীদের স্কুল পড়ুয়া সন্তানদের শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এছাড়াও ১৭ মার্চ ২০২২ সকালে চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষ হতে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্ব এবং সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়ন" শীর্ষক এক আলোচনা সভা ২৪ মার্চ ২০২২ বিকাল ৪:০০ ঘটিকায় কমিশনের মাল্টিপারপাস হল রুমে অনুষ্ঠিত হয়। কমিশনের বিভিন্ন গ্রেডের কর্মচারীগণ উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন। সভাপতির বক্তব্যে অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, চেয়ারম্যান মহোদয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক নেতৃত্বের বিভিন্ন দিক তুলে ধরেন। ২৬ মার্চ ২০২২ চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষ হতে জাতীয় স্মৃতিসৌধে মহান স্বাধীনতা যুদ্ধে সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়।






বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে এবং জাতীয় শিশু দিবস উপলক্ষে বক্তব্য রাখছেন।

## ৪.৭ "তথ্য অধিকার আইন ও বিধি-বিধান" বিষয়ক শীর্ষক সেমিনার

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে কমিশনের সহকারী পরিচালকদের উপস্থিতিতে বিগত ২৮ মার্চ ২০২২ "তথ্য অধিকার আইন ও বিধি-বিধান" শীর্ষক একটি সেমিনার কমিশন ভবনের মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের কমিশনার জনাব মোঃ আবদুল হালিম এবং মূল প্রবন্ধ উপস্থাপনায় ছিলেন তথ্য কমিশনের পরিচালক ড. মোঃ আবদুল হাকিম।




জনাব মোঃ আবদুল হালিম, কমিশনার, বিএসইসি সেমিনারে সভাপতি হিসাবে বক্তব্য রাখছেন।



সেমিনারে অংশগ্রহণকারী কর্মচারীবৃন্দ।

## ৪.৮ Public Hearing on "Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer for Small Capital Companies) Rules, 2022" শীর্ষক ৭ম প্রাতিষ্ঠানিক গণশুনানি অনুষ্ঠান

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) -এর বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে বিগত ২১ মার্চ ২০২২ বেলা ৩টায় Public Hearing on "Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer for Small Capital Companies) Rules, 2022" শীর্ষক ৭ম প্রাতিষ্ঠানিক গণশুনানি অনুষ্ঠিত হয়। উক্ত গণশুনানি অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কমিশনের কমিশনার জনাব ড. শেখ শামসুদ্দিন আহমদ এবং মূল প্রবন্ধ উপস্থাপনায় ছিলেন কমিশনের পরিচালক জনাব মোঃ আবুল কালাম। অনুষ্ঠানের প্যানেল ডিসকাশনে অংশগ্রহণ করেন কমিশনের নির্বাহী পরিচালক জনাব মোঃ সাইফুর রহমান, ঢাকা স্টক এক্সচেঞ্জের ব্যবস্থাপনা পরিচালক জনাব তারিক আমিন ভূঁইয়া, চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ গোলাম ফারুক, বিএমবিএ প্রেসিডেন্ট জনাব মোহাম্মদ সাইদুর রহমান এবং ভেঞ্চার ক্যাপিটাল অ্যান্ড প্রাইভেট ইক্যুইটি এ্যাসোসিয়েশন বাংলাদেশের সাধারণ সম্পাদক জনাব শওকত হোসেন। অনুষ্ঠানে মার্চেন্ট ব্যাংকের সম্পদ ব্যবস্থাপকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহীবৃন্দ, সম্ভাব্য ইস্যুয়ার ও স্টার্ট-আপ কমিউনিটির প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন।




কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর শিবলী রুবাইয়াত-উল-ইসলাম গণশুনানি অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন।





গণশুনানি অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ।

## ৪.৯ AGM, EGM and e-Voting বিষয়ক প্রশিক্ষণ

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের এসআরএমআইসি বিভাগের উদ্যোগে গত ২৮-২৯ মার্চ ২০২২ সকাল ৯:৩০-১১:৩০ টায় কমিশনের মাল্টিপারপাস হলে কমিশনের এসআরএমআইসি বিভাগের কার্যক্রম (AGM, EGM and e-Voting) বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে এসআরএমআইসি বিভাগসহ কমিশনের সকল বিভাগের উপ-পরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ অংশগ্রহণ করেন।

বর্ণিত প্রশিক্ষণে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি বিশেষভাবে আলোচনা হয়:

(ক) শেয়ার হোল্ডারদের অধিকার সংরক্ষণে AGM/EGM -এ অংশগ্রহণ ও ভোটদান প্রক্রিয়া সম্পন্নকরণ;

(খ) কোম্পানি আইনের ধারা ৮১ মোতাবেক AGM পরিচালনা এবং

(গ) উপরোক্ত বিষয়ে Hybrid System -এ সাধারণ পদ্ধতি ও e-Voting -এর মাধ্যমে AGM/EGM তদারকির লক্ষ্যে কমিশনের আদেশ নং-SEC/SRMIC/94-231/25, তারিখ: ০৮-০৭-২০২০; SEC/CMRRCD/2009-193/07, তারিখ: ০১-০৯-২০২০; এবং BSEC/CMRRCD/2009-93/28, তারিখ: ১০-০৩-২০২১ -এর উপর ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান।

প্রশিক্ষণের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জনাব মোঃ সাইফুর রহমান, নির্বাহী পরিচালক, বিএসইসি। প্রশিক্ষক হিসেবে জনাব মোহাম্মদ নজরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক তাঁর মূল্যবান প্রেজেন্টেশন উপস্থাপন করেন এবং কমিশনার (এসআরএমআইসি) উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন।



# দ্বিতীয় অংশ

## ৫. ক্যাপিটাল মার্কেট রেগুলেটরি রিফর্মস অ্যান্ড কমপ্লায়েন্স

জানুয়ারি-মার্চ ২০২২ সময়ে সিএমআরআরসি বিভাগ কর্তৃক নিম্নোক্ত সংশোধনী/আদেশ/নির্দেশনা জারি করা হয়েছে:

| ক্রমিক নং | বিষয় | শ্রেণী বিভাগ | সূত্র নং |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | পাবলিক অফার এবং পারপিচ্যুয়াল বন্ডের সরাসরি তালিকাভুক্তি সংক্রান্ত নির্দেশনার সংশোধনী (নির্দেশনা নং-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১৯, তারিখ: ২৩ মে ২০২১) | নির্দেশনা | বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/৩৩, তারিখ: ২৩ মার্চ ২০২২ |
| ২ | ঢাকা স্টক এক্সচেঞ্জ (ট্রেক হোল্ডার’স মার্জিন) প্রবিধানমালা, ২০১৩ -এর সংশোধনী | অনুমোদন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৭/৯৯, তারিখ: ৩১ মার্চ ২০২২ |
| ৩ | চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ (ট্রেক হোল্ডার’স মার্জিন) প্রবিধানমালা, ২০১৩ -এর সংশোধনী | অনুমোদন | বিএসইসি/সিএমআরআরসিডি/২০২১-৩৯৭/১০০, তারিখ: ৩১ মার্চ ২০২২ |

## ৬. ক্যাপিটাল ইস্যু

কমিশনের ক্যাপিটাল ইস্যু বিভাগ বিভিন্ন কোম্পানি/প্রতিষ্ঠানসমূহকে পাবলিক ও প্রাইভেট অফারের আওতায় ইক্যুইটি, ডেট সিকিউরিটিজ এবং সুকুক ইস্যুর মাধ্যমে মূলধন বৃদ্ধির অনুমোদন প্রদান সংক্রান্ত কর্মকাণ্ড সম্পাদন করে থাকে। এছাড়াও তালিকাভুক্ত কোম্পানিসমূহকে রাইটস শেয়ার ইস্যু, বোনাস শেয়ার ইস্যু, স্টক এক্সচেঞ্জে সিকিউরিটিজসমূহের ডাইরেক্ট লিস্টিং এবং সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যুর অনুমোদন প্রদান সংক্রান্ত কাজও এ বিভাগ করে থাকে। নিম্নবর্ণিত বিধিমালার অধীনে উপযুক্ত বিবেচিত হলে কমিশন মূলধন উত্তোলনের ক্ষেত্রে সম্মতি প্রদান করে থাকে:

Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001
Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015
Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018
Securities and Exchange Commission (Rights Issue) Rules, 2006
সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা, ২০০৪
Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021

### • কোয়ালিফাইড ইনভেস্টর অফার:

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) রুলস, ২০১৮ -এর অধীনে জানুয়ারি ০১, ২০২২ হতে মার্চ ৩১, ২০২২ সময়কালে ৩টি কোম্পানিকে যোগ্য বিনিয়োগকারীদের নিকট হতে ২৬.৬০ কোটি টাকা পুঁজি উত্তোলনের জন্য প্রসপেক্টাস ইস্যুর সম্মতি প্রদান করেছে।

### • মূলধন উত্তোলন (প্রাইভেট ও পাবলিক অফার)

**পাবলিক লিমিটেড কোম্পানি:**

কমিশন জানুয়ারি ০১, ২০২২ হতে মার্চ ৩১, ২০২২ সময়কালে Securities and Exchange Commission (Issue of Capital) Rules, 2001 -এর অধীনে ২টি কোম্পানিকে প্রেফারেন্স শেয়ার ইস্যুর মাধ্যমে ৩৯৭.৭৫ কোটি টাকা এবং Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 -এর অধীনে ৩টি পাবলিক লিঃ কোম্পানিকে বন্ড ইস্যুর মাধ্যমে ১১০৮.৯৫ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য সম্মতি প্রদান করেছে, যার বিভাজন নিম্নে প্রদান করা হলো:

| মূলধন উত্তোলনের মাধ্যম | কোম্পানির সংখ্যা | পরিমাণ (কোটি টাকা) | | |
|---|---|---|---|---|
| | | পাবলিক অফার (কোটি টাকা) | প্রাইভেট অফার (কোটি টাকা) | মোট অফার (কোটি টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| সাধারণ শেয়ার | - | -- | -- | -- |
| প্রেফারেন্স শেয়ার | ২ | -- | ৩৯৭.৭৫ | ৩৯৭.৭৫ |
| পারপিচ্যুয়াল বন্ড | ১ | ৫০.০০ | ৪৫০.০০ | ৫০০.০০ |
| সাবঅর্ডিনেটেড বন্ড | ১ | -- | ২০০.০০ | ২০০.০০ |
| জিরো কুপন বন্ড | ১ | -- | ৪০৮.৮৫ | ৪০৮.৮৫ |
| **মোট** | **৫** | | | **১৫০৬.৬০** |

### তালিকাভুক্ত কোম্পানির বোনাস শেয়ার ইস্যু

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে কমিশন নোটিফিকেশন নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২৩/এডমিন/১২৩ -এর অধীনে ১৫টি তালিকাভুক্ত কোম্পানিকে বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে মোট ৯৪.৮৭ কোটি টাকার মূলধন বৃদ্ধির অনুমতি প্রদান করা হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন স্মারক নং বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/এডমিন/১২৩ -এর অধীনে জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে যে সকল তালিকাভুক্ত কোম্পানিকে কমিশন কর্তৃক বোনাস শেয়ার ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| ক্র. নং | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | মূলধন (বোনাস শেয়ার ইস্যুপূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | মোট ইস্যু মূল্য | মূলধন উত্তোলন (বোনাস শেয়ার ইস্যু উত্তর) টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | ফরচুন সুজ লিমিটেড | ২৩.০১.২২ | ১,৫৪৭,৯৫৭,০৪০ | ১০ | ৭,৭৩৯,৭৮৫ | ৭৭,৩৯৭,৮৫০ | ১,৬২৫,৩৫৪,৮৯০ |
| ২ | জেনেক্স ইনফোসিস লিঃ | ০৯.০২.২২ | ১,০৩২,২৪০,০০০ | ১০ | ১০,৩২২,৪০০ | ১০৩,২২৪,০০০ | ১,১৩৫,৪৬৪,০০০ |
| ৩ | কুইন সাউথ টেক্সটাইল মিলস লিঃ | ১৩.০২.২২ | ১,৩০৮,৭৬০,২০০ | ১০ | ১৩,০৮৭,৬০২ | ১৩০,৮৭৬,০২০ | ১,৪৩৯,৬৩৬,২২০ |
| ৪ | কে এন্ড কিউ (বাংলাদেশ) লিমিটেড | ১৭.০২.২২ | ৪৯,০২৫,৩০০ | ১০ | ২৪৫,১২৭ | ২,৪৫১,২৬৫ | ৫১,৪৭৬,৫৬৫ |
| ৫ | অ্যাসোসিয়েটেড অক্সিজেন লিমিটেড | ১৭.০২.২২ | ১,০২৬,০০০,০০০ | ১০ | ৭,১৮২,০০০ | ৭১,৮২০,০০০ | ১,০৯৭,৮২০,০০০ |
| ৬ | সাইফ পাওয়ারটেক লিমিটেড | ১৭.০২.২২ | ৩,৫৭৮,৬৬৬,৪৯০ | ১০ | ২১,৪৭১,৯৯৮ | ২১৪,৭১৯,৯৮০ | ৩,৭৯৩,৩৮৬,৪৭০ |
| ৭ | শেফার্ড ইন্ডাস্ট্রিজ লিঃ | ১৭.০২.২২ | ১,৫০২,৮৯২,৪২০ | ১০ | ৩,৭৫৭,২৩১ | ৩৭,৫৭২,৩১০ | ১,৫৪০,৪৬৪,৭৩০ |
| ৮ | কাশেম ইন্ডাস্ট্রিজ লিঃ | ১৭.০২.২২ | ৬৬১,১৫০,৩৮০ | ১০ | ৬,৬১১,৫০৩ | ৬৬,১১৫,০৩০ | ৭২৭,২৬৫,৪১৮ |
| ৯ | ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেড | ১৭.০২.২২ | ৯০৯,৫৬২,৫০০ | ১০ | ৭,২৭৬,৫০০ | ৭২,৭৬৫,০০০ | ৯৮২,৩২৭,৫০০ |
| ১০ | এডভেন্ট ফার্মা লিঃ | ১৭.০২.২২ | ৯১৩,০৬৬,০০০ | ১০ | ১,৮২৬,১৩২ | ১৮,২৬১,৩২০ | ৯৩১,৩২৭,৩২০ |
| ১১ | প্যাসিফিক ডেনিমস লিমিটেড | ০৩.০৩.২২ | ১,৮১৭,৩২৮,১৫০ | ১০ | ১,৮১৭,৩২৮ | ১৮,১৭৩,২৮০ | ১,৮৩৫,৫০১,৪৩২ |
| ১২ | রংপুর ডেইরি এন্ড ফুড প্রোডাক্টস লিঃ | ০৩.০৩.২২ | ৭৩,৭৬১,১২৩ | ১০ | ২,২১২,৮৩৪ | ২২,১২৮,৩৪০ | ৭৫৯,৭৩৯,৫৭০ |
| ১৩ | বাংলাদেশ হোটেলস লিমিটেড | ২০.০৩.২২ | ৪,৫০০,০০০ | ১০ | ৩৬০,০০০ | ৩,৬০০,০০০ | ৮,১০০,০০০ |
| ১৪ | ড্রাগন সোয়েটার এন্ড স্পিনিং মিলস লিঃ | ৩০.০৩.২২ | ২,০০৭,৫৫৫,০০০ | ১০ | ১০,০৩৭,৭৭৫ | ১০০,৩৭৭,৭৫০ | ২,১০৭,৯৩২,৭৫০ |
| ১৫ | ন্যাশনাল ফিড মিল লিমিটেড | ৩১.০৩.২২ | ৯২৪,৩৬৯,৫৫০ | ১০ | ৯২৪,৩৬৯ | ৯,২৪৩,৬৯৬ | ৯৩৩,৬১৩,২৪৬ |
| | | | | | মোট | ৯৪৮,৭২৫,৮৪১ | |

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে যে সকল কোম্পানিকে বন্ড, ডিবেঞ্চার ও সুকুক ইস্যুর মাধ্যমে মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| ক্র. নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | পরিমাণ (টাকা) | পরিমাণ (টাকা) | মোট পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মেঘনা ব্যাংক লিমিটেড | নন-কনভার্টিবল, আনসিকিউরড, ফুললি রিডিমএ্যাবল, কুপন বিয়ারিং, সাবঅর্ডিনেটেড বন্ড ২,০০০,০০০,০০০/- টাকা | ৩-১-২০২২ | -- | ২,০০০,০০০,০০০ | ২,০০০,০০০,০০০ |
| ২ | ব্যাংক এশিয়া লিমিটেড | কুপন বিয়ারিং, কন্ডিশনাল-কনভার্টিবল, পারপিচ্যুয়াল বন্ড ৫,০০০,০০০,০০০/- টাকা | ২-৩-২০২২ | ৫০০,০০০,০০০ | ৪,৫০০,০০০,০০০ | ৫,০০০,০০০,০০০ |
| ৩ | ন্যাশনাল পলিমার ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ট্রান্সফারেবল, নন-কনভার্টিবল, আনসিকিউরড, রিডিমএ্যাবল, জিরো কুপন বন্ড টাকা ৪,০৮৯,৫০০,০০০/- | ৩-৩-২০২২ | -- | ৪,০৮৯,৫০০,০০০ | ৪,০৮৯,৫০০,০০০ |
| | | | | | মোট | ১১,০৮৯,৫০০,০০০ |

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে যে সকল তালিকাভুক্ত কোম্পানিকে প্রাইভেট অফারের মাধ্যমে (প্রেফারেন্স শেয়ার) মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে তার বিবরণ নিম্নরূপ:

| ক্র. নং | কোম্পানির নাম | বিবরণ | অনুমোদনের তারিখ | মোট পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | এনভয় টেক্সটাইল লিমিটেড | ৮৭০,০০০,০০০ টাকার প্রেফারেন্স শেয়ার | ২৪-০১-২০২২ | ৮৭০,০০০,০০০ |
| ২ | প্রিমিয়ার সিমেন্ট মিলস লিমিটেড | ৩,১০৭,৫০০,০০০ টাকার প্রেফারেন্স শেয়ার | ০৯-০২-২০২২ | ৩,১০৭,৫০০,০০০ |
| | | | মোট | ৩,৯৭৭,৫০০,০০০ |

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার বাই স্মল ক্যাপিটাল কোম্পানিজ) রুলস, ২০১৮ এর অধীনে জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে কমিশন কর্তৃক প্রসপেক্টাস প্রকাশের অনুমোদনপ্রাপ্ত কোম্পানির বিবরণ:

| ক্র. নং | কোম্পানির নাম | সম্মতিপত্র প্রদানের তারিখ | মূলধন (কোয়ালিফাইড ইনভেস্টর অফার পূর্ব) টাকা | ইস্যু মূল্য (টাকা) | ইস্যুকৃত শেয়ারের সংখ্যা | কিউআইও টাকা (প্রিমিয়ামসহ যদি থাকে) টাকা | মূলধন উত্তোলন (প্রাথমিক গণপ্রস্তাব উত্তর) টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | মামুন এগ্রো প্রোডাক্টস লিঃ | ০৪-০১-২২ | ৪০০,০০০,০০০ | ১০ | ১০,০০০,০০০ | ১০০,০০০,০০০ | ৫০০,০০০,০০০ |
| ২ | কৃষিবিদ সিড লিমিটেড | ২৭-০২-২২ | ১৮৪,০০০,০০০ | ১০ | ১১,৬০০,০০০ | ১১৬,০০০,০০০ | ৩০০,০০০,০০০ |
| ৩ | স্টার এডহেসিভস লিমিটেড | ০৭-০৩-২২ | ১৫০,০০০,০০০ | ১০ | ৫,০০০,০০০ | ৫০,০০০,০০০ | ২০০,০০০,০০০ |
| | | | | | মোট | ২৬৬,০০০,০০০ | |

## ৭. নিবন্ধন

নিবন্ধন বিভাগ জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে নিম্নবর্ণিত কার্যাবলি সম্পাদন করেছে।

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | স্টক ব্রোকারের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | স্টক ডিলার (ডিএসই) | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ | ১৯ | ৬৬ | -- | -- |
| | স্টক ব্রোকার (ডিএসই) | -ঐ- | ১৯ | ৬৮ | ০৮ | -- |
| ২ | স্টক ডিলার (সিএসই) | -ঐ- | ০৫ | ৩৫ | -- | -- |
| | স্টক ব্রোকার (সিএসই) | -ঐ- | ০৬ | ৩৭ | ০২ | -- |
| ৩ | অনুমোদিত প্রতিনিধি (ডিএসই) | -ঐ- | ১৬৮ | ৯৮ | -- | -- |
| ৪ | অনুমোদিত প্রতিনিধি (সিএসই) | -ঐ- | ৫৮ | ১৪ | -- | -- |
| ৫ | মার্চেন্ট ব্যাংক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ | ০১ | প্রযোজ্য নহে | -- | -- |
| ৬ | সম্পদ ব্যবস্থাপক | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | ০১ | প্রযোজ্য নহে | -- | -- |
| ৭ | সিকিউরিটি কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটি কাস্টডিয়ান সেবা) বিধিমালা, ২০০৩ | ০১ | প্রযোজ্য নহে | -- | -- |
| ৮ | ডিপজিটরি অংশগ্রহণকারী | ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ | ১৫ | ১৩৬ | -- | -- |

| ক্র. নং | ইস্যুকৃত সনদের ধরন | সংশ্লিষ্ট আইনের নাম | ইস্যুকৃত সনদের সংখ্যা | নবায়নকৃত সনদের সংখ্যা | স্টক ব্রোকারের শাখা অফিস খোলার অনুমোদন | স্টক ডিলার/স্টক ব্রোকার ও মার্চেন্ট ব্যাংকের অফিস স্থানান্তর |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ৯ | ডেট সিকিউরিটিজের জন্য ট্রাস্টি | Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2021 | ০৭ | প্রযোজ্য নহে | -- | -- |
| ১০ | ট্রাস্টি | Bangladesh Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 | ০১ | প্রযোজ্য নহে | -- | -- |
| ১১ | ট্রাস্টি | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা, ২০০১ | -- | প্রযোজ্য নহে | -- | -- |
| ১২ | ফান্ড ম্যানেজার | Securities and Exchange Commission (Alternative Investment) Rules, 2015 | ০১ | প্রযোজ্য নহে | -- | -- |
| ১৩ | মিউচ্যুয়াল ফান্ডের কাস্টডিয়ান | সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড), বিধিমালা, ২০০১ | -- | প্রযোজ্য নহে | -- | -- |
| ১৪ | ক্রেডিট রেটিং কোম্পানি | ক্রেডিট রেটিং কোম্পানিজ রুলস, ১৯৯৬ | -- | প্রযোজ্য নহে | -- | -- |
| ১৫ | ডিজিটাল বুথের অনুমোদন | ডিরেকটিভের তারিখ ১৩ ডিসেম্বর, ২০২০ | ৩৭ | প্রযোজ্য নহে | -- | -- |
| ১৬ | বাজার সৃষ্টিকারী | বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৭ | -- | প্রযোজ্য নহে | -- | -- |
| | | **মোট** | **৩৩৯** | **৪৫৪** | **১০** | **--** |

## ৮. মার্কেট সার্ভেইল্যান্স অ্যান্ড ইন্টেলিজেন্স

### • মার্কেট সার্ভেইল্যান্স

বাজার তদারকি করার প্রাথমিক দায়িত্ব স্টক এক্সচেঞ্জের উপর ন্যস্ত করা হয়েছে। তবে, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনও বাজারের গতিবিধি সক্রিয় তদারকি করা ছাড়াও ব্যতিক্রম এবং আকস্মিক উদ্ভূত পরিস্থিতি ও একই বিষয় বিশ্লেষণ করে থাকে।

### • তাৎক্ষণিক পর্যবেক্ষণ ও তদারকি

প্রতিদিনের অনলাইন বাজার তদারকির অংশ হিসাবে বাজারের অনিয়ম, সন্দেহজনক লেনদেন ও অসদাচরণ খুঁজে বের করার জন্য কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা সার্ভেইল্যান্স সিস্টেম "ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট" -এর মাধ্যমে বাজার পর্যবেক্ষণ করেন এবং স্টক এক্সচেঞ্জের সার্বিক লেনদেন বিশ্লেষণ করেন। দিন শেষে বাজার পরিস্থিতি সংক্রান্ত একটি দৈনিক প্রতিবেদন প্রস্তুত করে কমিশনের চেয়ারম্যান, কমিশনারবৃন্দ এবং কমিশনের সংশ্লিষ্ট নির্বাহী পরিচালকের বরাবর দাখিল করেন।

### • বুদ্ধিদীপ্ত কার্যক্রম

কমিশনের সার্ভেইল্যান্স বিভাগের কর্মকর্তারা বাজারের অনিয়ম ও সন্দেহজনক লেনদেনের ৩৬০ ডিগ্রি পর্যবেক্ষণ ও গভীরতা বের করার জন্য "ইনস্ট্যান্ট ওয়াচ মার্কেট" সিস্টেমের "বিজনেস ইন্টেলিজেন্স", স্টেকহোল্ডারদের ওয়েবসাইট, প্রাসঙ্গিক সংবাদ ও প্রতিবেদন পর্যবেক্ষণের মাধ্যমে বুদ্ধিদীপ্ত কার্যক্রম সম্পাদন করছে।

### • তদন্ত ও অনুসন্ধান

সিকিউরিটিজ লেনদেনে স্বচ্ছতা ও বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য সন্দেহজনক ও কারসাজিমূলক লেনদেনের তদন্ত ও অনুসন্ধানের মাধ্যমে সিকিউরিটিজ সংক্রান্ত সকল আইন-কানুনের প্রয়োগ নিশ্চিত করা প্রয়োজন।

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) নিম্নবর্ণিত তদন্ত প্রতিবেদনসমূহ কমিশনে দাখিল করেছে:

| ক্র. নং | দাখিলকৃত তদন্ত প্রতিবেদন | বর্তমান অবস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ডেল্টা লাইফ ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ২ | গ্লোবাল ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৩ | ঢাকা ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৪ | সোনালী লাইফ ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৫ | তাকাফুল ইসলামী ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | মার্কেন্টাইল ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |

| ক্র. নং | দাখিলকৃত তদন্ত প্রতিবেদন | বর্তমান অবস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৭ | ম্যাকসন স্পিনিং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৮ | আনোয়ার গ্যালভানাইজিং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৯ | মনোস্পুল পেপার ম্যানুফ্যাকচারিং কোম্পানি লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১০ | আনলিমা ইয়ার্ন ডাইং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১১ | সোনালী পেপার এন্ড বোর্ড মিলস লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১২ | ফরচুন সুজ লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৩ | মেঘনা কনডেন্সড মিল্ক ইন্ডাস্ট্রিজ লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৪ | এএফসি এগ্রো বায়োটেক লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৫ | নিউ লাইন ক্লোথিং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৬ | সিভিও পেট্রোলিয়াম রিফাইনারি লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৭ | প্রাইম লাইফ ইন্স্যুরেন্স কোং লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ১৮ | ওয়ান ব্যাংক লিমিটেড | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ করা হয়েছে। |

## স্টকহোল্ডার ও নিয়ন্ত্রক সংস্থাগুলির মধ্যে সমন্বয় সভা:

- ✓ বাজারের অবস্থা ভালো করতে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এবং মার্চেন্ট ব্যাংকার্স অ্যাসোসিয়েশনের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।
- ✓ রমজানে বাজারের প্রতি সমর্থন বাড়ানো এবং তারল্য বাড়ানোর জন্য বিএসইসি'র এমএসআই বিভাগ এবং বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

## ৯. সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ

সিকিউরিটিতে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ তথা পুঁজিবাজারে বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধি এবং সিকিউরিটিজ মার্কেটের উন্নয়নের লক্ষ্যে সুপারভিশন অ্যান্ড রেগুলেশন অব ইন্টারমিডিয়ারিজ (এসআরআই) বিভাগ স্টক ডিলার/স্টক ব্রোকার, ডিপজিটরি অংশগ্রহণকারী (ডিপি), মার্চেন্ট ব্যাংকার্স, সিকিউরিটিজ কাস্টডিয়ান, ক্রেডিট রেটিং কোম্পানি, সম্পদ ব্যবস্থাপক ইত্যাদি বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের পরিপালনীয় কার্যাদির তদারকি ও নিয়ন্ত্রণ কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের উপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম গ্রহণ করে। এছাড়াও, প্রয়োজন অনুযায়ী উক্ত প্রতিষ্ঠানসমূহে বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করে। এই বিভাগ বিনিয়োগকারীদের অভিযোগ নিয়েও কাজ করে। জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত উল্লেখযোগ্য কার্যাবলি সম্পাদিত হয়েছে:

### ক. বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তি

এসআরআই বিভাগ পুঁজিবাজারের বিনিয়োগকারীদের অভিযোগ আইনানুগভাবে নিষ্পত্তি করে থাকে। ৩০ সেপ্টেম্বর ২০১৯ থেকে বিনিয়োগকারীরা কাস্টমার কমপ্লেইন্ট অ্যাড্রেস মডিউল (সিসিএএম) ব্যবহার করে সহজেই যে কোন স্থান থেকে অনলাইনে অভিযোগ দাখিল করছেন এবং দাখিলকৃত অভিযোগের বর্তমান অবস্থা অনলাইনে জানতে পারছেন। ফলে, অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা পূর্বের তুলনায় অনেক বেড়েছে। সিসিএএম -এর মাধ্যমে বিনিয়োগকারীগণ কর্তৃক দাখিলকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

| যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে | অভিযোগ প্রাপ্তির সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | প্রক্রিয়াধীন | অভিযোগ নিষ্পত্তির হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| স্টক ব্রোকার/স্টক ডিলার | ৩২ | ২৪ | ৮ | ৭৫ |
| মার্চেন্ট ব্যাংক | ৮ | ৮ | -- | ১০০ |
| সম্পদ ব্যবস্থাপক | -- | -- | -- | -- |
| সিকিউরিটিজ কাস্টডিয়ান | -- | -- | -- | -- |
| **মোট** | **৪০** | **৩২** | **৮** | **--** |

সিসিএএম -এর মাধ্যমে অভিযোগ দাখিল করার পাশাপাশি বিনিয়োগকারীগণ কমিশনে লিখিতভাবে অভিযোগ দাখিল করেছে, যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলো:

| যে ধরনের প্রতিষ্ঠানের বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে | পূর্বের অনিষ্পত্তিকৃত অভিযোগ | বর্ণিত সময়কালে অভিযোগপ্রাপ্তি | মোট অভিযোগ | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | সিসিএএম -এ আপলোডকৃত | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| স্টক ব্রোকার/ স্টক ডিলার | -- | ২২ | ২২ | -- | -- | -- | ২২ |
| **মোট** | **--** | **২২** | **২২** | **--** | **--** | **--** | **২২** |

* তিনটি ম্যানুয়াল অভিযোগ সিএসই ফাস্টলিড সিকিউরিটিজ লিঃ কে প্রেরণ করলেও ফাস্টলিড সিকিউরিটিজ কোন উত্তর দেয়নি বলে সিএসই ১৫ মার্চ ২০২২ বিএসইসিকে জানিয়েছে।

## খ. বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান প্রদান

দুর্নীতি দমন কমিশন (দুদক) সহ বিভিন্ন সরকারি সংস্থার সাথে তথ্য আদান প্রদানের সুবিধার্থে ১৫ এপ্রিল ২০১৯ তারিখে External Data Request Processing (EDRP) নামে একটি প্ল্যাটফর্ম চালু করা হয়েছে। উক্ত প্ল্যাটফর্মের মাধ্যমে দুদকসহ বিভিন্ন সরকারি সংস্থাকে তাদের পত্রের মাধ্যমে চাহিত তথ্য প্রেরণ করা হয়েছে, যার সংক্ষিপ্ত বিবরণ নিম্নে দেওয়া হলো:

| প্রতিষ্ঠানের নাম | প্রাপ্ত চিঠির সংখ্যা | চিঠির সংখ্যা যার বিপরীতে তথ্য প্রদান করা হয়েছে | প্রক্রিয়াধীন | তথ্য প্রদানের হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| দুর্নীতি দমন কমিশন (দুদক) | ১৭০ | ১৬৩ | ৭ | ৯৫.৮৮ |
| অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি) | ১৫ | ১৫ | -- | ১০০ |
| জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) | ২ | ২ | -- | ১০০ |
| অন্যান্য | -- | -- | -- | -- |
| **মোট** | **১৮৭** | **১৮০** | **৭** | **--** |

## গ. পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের উপর পরিচালিত পরিদর্শন কার্যক্রম

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে এসআরআই বিভাগ কর্তৃক পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের উপর ৫টি পরিদর্শন কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

| বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ধরন | পরিদর্শন সংখ্যা | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের সংখ্যা | প্রক্রিয়াধীন | দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| স্টক ব্রোকার/স্টক ডিলার | ২ | ১ | ১ | ৫০.০০ |
| সম্পদ ব্যবস্থাপক কোম্পানি | ৩ | ২ | ১ | ৬৬.৬৭ |
| **মোট** | **৫** | **৩** | **২** | **--** |

## ঘ. পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের উপর পরিচালিত তদন্ত/অনুসন্ধান কার্যক্রম

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে এসআরআই বিভাগ কর্তৃক পুঁজিবাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের উপর ১টি তদন্ত/অনুসন্ধান কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যা নিম্নরূপ:

| বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের ধরন | তদন্ত/অনুসন্ধান সংখ্যা | দাখিলকৃত প্রতিবেদনের সংখ্যা | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| মার্চেন্ট ব্যাংক | ১ | -- | ১ |
| মোট | **১** | **--** | **১** |

## ঙ. দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের উপর গৃহীত পদক্ষেপ

এসআরআই বিভাগের পরিদর্শন দল বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানের উপর পরিদর্শন কার্যক্রম পরিচালনাপূর্বক কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া কমিশনের নির্দেশনা মোতাবেক ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (ডিএসই) এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই) তাদের ট্রেক হোল্ডার কোম্পানিসমূহের উপর নিয়মিত পরিদর্শন কার্যক্রম পরিচালনা করেছে এবং কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করেছে। গৃহীত পরিদর্শন প্রতিবেদনের উপর জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে এসআরআই বিভাগ কর্তৃক নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:

| পরিদর্শন পরিচালনাকারী প্রতিষ্ঠান | পূর্বের পরীক্ষাধীন প্রতিবেদনের সংখ্যা | বর্ণিত সময়কালে গৃহীত প্রতিবেদনের সংখ্যা | মোট প্রতিবেদনের সংখ্যা | এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ | এসআরআই বিভাগ কর্তৃক সতর্কপত্র প্রেরণ | ব্যবস্থা গ্রহণ ব্যতিরেকে নিষ্পত্তি | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| বিএসইসি | -- | ১ | ১ | ১ | -- | -- | - |
| ডিএসই | -- | ১৮ | ১৮ | ১৩ | -- | -- | ৫ |
| সিএসই | ১ | -- | -- | -- | ১ | -- | - |
| মোট | **১** | **১৯** | **১৯** | **১৪** | **১** | **--** | **৫** |

## চ. ট্রেক হোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা

এসআরআই বিভাগ, স্টক এক্সচেঞ্জের সহযোগিতায় ট্রেক হোল্ডার কোম্পানি কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে থাকে। জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে ট্রেক হোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পাদিত হয়েছে:

| কাজের বিবরণ | সংশ্লিষ্ট ট্রেক হোল্ডার কোম্পানির সংখ্যা | |
|---|---|---|
| | সিএসই | ডিএসই |
| ১ | ২ | ৩ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক ট্রেক হোল্ডার কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা | -- | ১০২ |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনের উপর কমিশনে পর্যবেক্ষণ প্রেরণ | -- | -- |
| স্টক এক্সচেঞ্জ কর্তৃক সংশ্লিষ্ট ট্রেক হোল্ডার কোম্পানির সাথে সভা করা | -- | -- |

## ছ. মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/সিইও -এর নিয়োগ সংক্রান্ত কার্যক্রম

জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে এ বিভাগ কর্তৃক মার্চেন্ট ব্যাংকার্সের ব্যবস্থাপনা পরিচালক/ সিইও -এর নিয়োগ সংক্রান্ত নিম্নলিখিত কার্যক্রম সম্পন্ন হয়েছে:

| দরখাস্তের বিষয় | পূর্বের অনিষ্পত্তিকৃত দরখাস্তের সংখ্যা | বর্ণিত সময়কালে প্রাপ্ত দরখাস্তের সংখ্যা | মোট দরখাস্তের সংখ্যা | কমিশনের অনুমোদন | কমিশনের প্রত্যাখান | প্রক্রিয়াধীন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ব্যবস্থাপনা পরিচালক/ সিইও -এর নিয়োগ | ১ | ৭ | ৮ | ৪ | ১ | ৩ |
| শূন্য পদে ব্যবস্থাপনা পরিচালক/সিইও নিয়োগের সময়সীমা বর্ধিতকরণ | -- | ১ | ১ | ১ | -- | -- |
| মোট | ১ | ৮ | ৯ | ৫ | ১ | ৩ |

## ১০. এনফোর্সমেন্ট

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার জন্য এনফোর্সমেন্ট বিভাগ পুঁজিবাজারে আইন অমান্য/লঙ্ঘনকারীর বিরুদ্ধে অপরাধের গুরুত্ব বিবেচনাপূর্বক জরিমানা আরোপসহ অন্যান্য আইনগত ব্যবস্থা গ্রহণ করে। সিকিউরিটিজ আইনের আওতায় পরিদর্শন ও তদন্ত কার্যাদি সম্পন্ন করা হয়। পরিদর্শন/তদন্ত প্রতিবেদনে সিকিউরিটিজ আইন পরিপালন না করা সংক্রান্ত প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজ আইনের বিধান অনুসারে ইস্যুয়ার ও পুঁজিবাজার সংশ্লিষ্ট অভিযুক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের ব্যাখ্যা ও শুনানি সম্পন্নপূর্বক কমিশনের নিকট তা পেশ করা হয়। কমিশন সিকিউরিটিজ আইন অনুযায়ী অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করে থাকে।

সিকিউরিটিজ আইন পরিপালনে ব্যর্থতার কারণে ইস্যুয়ার কোম্পানি, স্টক ব্রোকার, স্টক ডিলার, মার্চেন্ট ব্যাংকার, অনুমোদিত প্রতিনিধি এবং সংশ্লিষ্ট অন্যান্যদের বিরুদ্ধে কমিশন কর্তৃক জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালে গৃহীত এনফোর্সমেন্ট কার্যক্রমসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রমিক নং | বিবরণ | জরিমানা | সতর্কীকরণ | নিষ্পত্তিকরণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | ইস্যুয়ার কোম্পানি/পরিচালক | ৭ | ৬ | ১ | ১৪ |
| ২ | স্টক ব্রোকার/স্টক ডিলার/অনুমোদিত প্রতিনিধি | ০ | ২১৮ | ২ | ২২০ |
| ৩ | মার্চেন্ট ব্যাংকার | ০ | ০ | ০ | ০ |
| ৪ | অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি | ০ | ১ | ০ | ১ |
| ৫ | ক্রেডিট রেটিং কোম্পানি | ০ | ০ | ০ | ০ |
| ৬ | কাস্টডিয়ান | ০ | ১ | ০ | ১ |
| ৭ | চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস | ১ | ৩ | ০ | ৪ |
| ৮ | বিনিয়োগকারী | ৭ | ১৬ | ০ | ২৩ |
| ৯ | স্টক এক্সচেঞ্জ | ০ | ০ | ০ | ০ |
| ১০ | অন্যান্য | ০ | ২ | ০ | ২ |
| সর্বমোট | | ১৫ | ২৪৭ | ৩ | ২৬৫ |

